তারিখ 14 MAY 1997
পৃষ্ঠা ৩ কলাম ৮

দৈনিক ইনকিলাব

৫৯

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি

## চলমান উচ্চ মাধ্যমিক পরীক্ষার দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের আহবান

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এক যুক্ত বিবৃতিতে যে কোন ত্যাগের বিনিময়ে এবং প্রয়োজনে জীবন দিয়ে হলেও চলমান উচ্চ মাধ্যমিক পরীক্ষার পবিত্রতা রক্ষার্থে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন। বিবৃতিতে তারা সাহসিকতা ও নিষ্ঠার সাথে পরীক্ষার দায়িত্ব পালনকারী শিক্ষকদের উপর বিভিন্ন স্থানে হামলার সংবাদে গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং তাদের যথোচিত নিরাপত্তা বিধানের জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। বিবৃতিতে শিক্ষক নেতৃবৃন্দ পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকালে আহত শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে আর্থিক ও আনুসঙ্গিক সহায়তা দানের ঘোষণা দেয়ায় শিক্ষামন্ত্রী জনাব এ এস এইচ কে সাদেকের প্রতি ধন্যবাদ জানান। প্রেস বিজ্ঞপ্তি।